# রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
আরপিজিসিএল ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
www.rpgcl.org.bd

সূত্র: ২৮.১৯.০০০০.৩০৩.৪৭.০০২.২৩-২৭১ তারিখ: ০৭ মার্চ ২০২৪

**বিষয়: আরপিজিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ) অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

- **সভাপতি : প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম**
  ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি, আরপিজিসিএল।
- **তারিখ** : ২৯ ফেব্রুয়ারি ২০২৪, বৃহস্পতিবার
- **সময়** : সকাল ১১-০০ টা
- **স্থান** : কোম্পানির সভাকক্ষ এবং অনলাইন জুম প্লাটফর্ম।
- **উপস্থিতি** : রেকর্ডেড

২। **আলোচনা:**

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় কোম্পানির উপমহাব্যবস্থাপক (এইচআর) ও নৈতিকতা কমিটির ফোকালপয়েন্ট আরপিজিসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.২ নং কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় এপিএ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের সভায় শুদ্ধাচারসহ সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) ও তথ্য অধিকার আইন (আরটিআই) বিষয়ে সংশ্লিষ্ট ফোকালপয়েন্টবৃন্দ তথ্য অবহিত করেন।

২.২। সভায় পেট্রোবাংলা এবং এর অধীন কোম্পানিসমূহের মধ্যে বাপেক্স, পিজিসিএল, বিজিএফসিএল, এসজিএফএল, কেজিডিসিএল, জালালাবাদ, বিজিডিসিএল, বিসএমসিএল, এমজিএমসিএল, এসজিসিএল ও জিটিসিএল-এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। কোম্পানির আশুগঞ্জ কনডেনসেট হ্যান্ডলিং স্থাপনা থেকে কনডেনসেট ডেলিভারি গ্রহণকারী প্রতিষ্ঠান এ্যাকোয়া রিফাইনারি লিমিটেড, সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড এবং পেট্রোম্যাক্স রিফাইনারি লিমিটেড-এর প্রতিনিধিবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।

২.৩। কোম্পানিসমূহের প্রতিনিধিবৃন্দ তাঁদের স্ব স্ব কর্মপরিকল্পনার অগ্রগতি সভায় অবহিত করেন। একইসঙ্গে তাঁরা আরপিজিসিএল-এর সিএনজি সংক্রান্ত সেবা প্রাপ্তির বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। সভায় অবহিত করা হয় যে, পেট্রোবাংলার পক্ষে ২০০১ সাল থেকে বিভিন্ন গ্যাস ফিল্ড হতে কনডেনসেট গ্রহণপূর্বক আশুগঞ্জ স্থাপনা থেকে নদীপথে জাহাজযোগে বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের নিকট কনডেনসেট সরবরাহ করা হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে আশুগঞ্জ স্থাপনায় ফেব্রুয়ারি'২৪ পর্যন্ত মোট ১১৭৫৯৬ কি. লি. কনডেনসেট ডেলিভারি দেওয়া হয়েছে।

২.৪। অংশীজন প্রতিষ্ঠান এ্যাকোয়া রিফাইনারি লিমিটেড, সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড এবং পেট্রোম্যাক্স রিফাইনারি লিমিটেড-এর প্রতিনিধিবৃন্দ পর্যায়ক্রমে সভায় বক্তব্য প্রদান করেন। অংশীজন উল্লেখ করেন যে, সুশাসন প্রতিষ্ঠায় প্রাতিষ্ঠানিক জবাবদিহির লক্ষ্যে আরপিজিসিএল কর্তৃক প্রতিবছর এ ধরনের মতবিনিময় সভার আয়োজন নিঃসন্দেহে ইতিবাচক ফল বয়ে আনছে। তাঁরা এজন্য আরপিজিসিএল কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁরা বলেন, আরপিজিসিএল-এর সঙ্গে তাদের ব্যবসায়িক সম্পর্ক অত্যন্ত ভাল। চুক্তির বিপরীতে বরাদ্দকৃত কনডেনসেট সরবরাহে আরপিজিসিএল-এর সঙ্গে এখন পর্যন্ত কোনো অভিযোগ নেই। কোনো ছোট-খাটো সমস্যার ক্ষেত্রে পারস্পরিক আলোচনার মাধ্যমে তা নিষ্পন্ন করা হয়েছে। এ ধরনের সৌহার্দপূর্ণ সম্পর্ক অব্যাহত থাকবে বলে তাঁরা আশাবাদ ব্যক্ত করেন।

২.৫। সভায়, পেট্রোবাংলার নৈতিকতা কমিটির ফোকালপয়েন্ট ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), কোম্পানির মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (পিঅ্যান্ডডি) ও এপিএ বাস্তবায়ন টিম প্রধান, মহাব্যবস্থাপক (অপারেশন), কোম্পানি সচিব প্রমুখ কোম্পানির বিভিন্ন কার্যক্রম এবং সেবা সম্পর্কে আলোচনা করেন। পেট্রোবাংলার নৈতিকতা কমিটির ফোকালপয়েন্ট উল্লেখ করেন যে, আরপিজিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা কোয়ার্টারভিত্তিক সঠিকভাবে বাস্তবায়িত হওয়ায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ফলপ্রসূ হবে। তিনি সেবাপ্রদান প্রতিশ্রুতি অনুসারে সেবাগ্রহীতাদেরকে যথাযথ সেবা নিশ্চিতকরণে আরপিজিসিএল আরও কার্যকর ভূমিকা পালন করবে বলে আশা প্রকাশ করেন। একইসঙ্গে অংশীজনগণ আরপিজিসিএল-এর সেবার মান সম্পর্কে ইতিবাচক মতামত প্রকাশ করায় তাঁদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.৬। আরপিজিসিএল-এর মহাব্যবস্থাপক (পিঅ্যান্ডডি) ও এপিএ বাস্তবায়ন টিম প্রধান বলেন, প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহি এবং পারস্পরিক সৌহার্দ আরও বৃদ্ধি পাবে। কোনো প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠা করতে পারলে নিঃসন্দেহে তা ইতিবাচক প্রভাব ফেলে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় শুদ্ধাচার কৌশল, ইনোভেশন, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা এক্ষেত্রে তাৎপর্যপূর্ণ অবদান রাখছে।

২.৭। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, আরপিজিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কনডেনসেট ডেলিভারি, সিএনজি কনভারশন, সিলিন্ডার রিটেস্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রে সেবাগ্রহীতাদের মতামতকে গুরুত্ব প্রদান, নাগরিকদের অভিযোগ পাওয়া গেলে প্রতিকারের ব্যবস্থা করাসহ কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১। কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কনডেনসেট ডেলিভারি, সিএনজি কনভারশন, সিলিন্ডার রিটেস্ট ও ব্যাক-আপ সার্ভিসের ক্ষেত্রে সেবাগ্রহীতাদের মতামতকে গুরুত্ব দিয়ে সুষ্ঠুভাবে সেবা প্রদান করতে হবে।

৩.২। শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে এবং তাঁদের মতামত/পরামর্শ নিয়ম-নীতির আলোকে বাস্তবায়ন করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

০৭.০৬.২০২৪

প্রকৌ. মোঃ রফিকুল ইসলাম
ব্যবস্থপনা পরিচালক ও
সভাপতি, নৈতিকতা কমিটি, আরপিজিসিএল।

৭-৬-২৪

কার্যার্থে বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

১। মহাব্যবস্থাপক (প্রশাসন/পিঅ্যান্ডডি/এলএনজি/সিএনজি/অপারেশন/কোম্পানি সচিব)/(অর্থ), আরপিজিসিএল, ঢাকা।
২। উপমহাব্যবস্থাপক (সিএসএস/পিঅ্যান্ডএম/এইচআর/সংস্থাপন/হিসাব/কো: অ্যাফেয়ার্স), আরপিজিসিএল, ঢাকা।

অনুলিপি:

১। পরিচালক (প্রশাসন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কাওরানবাজার, ঢাকা।
২। উপব্যবস্থাপক (আইসিটি), আরপিজিসিএল, ঢাকা: ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।
৩। অফিস কপি।